দৈনিক ইনকিলাব

তারিখ 15 JUL 1988
পৃষ্ঠা 1 কলাম 3

026

# পারিবারিক চেষ্টা না থাকলে শুধু স্কুলের প্রচেষ্টায় ভাল ফলাফল সম্ভব নয় —শিক্ষামন্ত্রী

॥ স্টাফ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, আগামী ৩ বছরের মধ্যে পরীক্ষা পদদ্ধতিতে উদ্দেশ্যমূলক প্রশ্নপত্র করার পদক্ষেপ নেয়া হবে। তিনি বলেন, বর্তমান পরীক্ষা পদ্ধতিতে মেধার প্রকৃত

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

যাচাই হয় না।

চলতি বছরের এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষায় নকল রোধে ধীরে ধীরে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কমিয়ে উপজেলা পর্যায়ে রাখার চিন্তা ভাবনা করা হচ্ছে।

তিনি অবশ্য বলেন, পারিবারিক চেষ্টা না থাকলে, শুধুমাত্র স্কুলের প্রচেষ্টা দ্বারা ভাল ফলাফলের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়।

তিনি বলেন, শিক্ষকদের বেতন ১শ' ভাগে উন্নীত করা হলে শিক্ষার মানোন্নয়ন ও প্রসার ঘটবে না।